

জেলা

চট্টগ্রামে এইচএসসি পরীক্ষায় দুই কেন্দ্রে তিনজন বহিষ্কার

নিজস্ব প্রতিবেদক চট্টগ্রাম

প্রকাশ: ০৭ জুলাই ২০২৫, ১৭: ০০

চট্টগ্রাম শিক্ষা বোর্ড ফাইল ছবি

এইচএসসি ও সমমানের পরীক্ষায় নকল করার অপরাধে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে দুটি কেন্দ্র থেকে তিন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। আজ সোমবার তথ্য ও যোগাযোগ প্রযুক্তির লিখিত পরীক্ষায় তাঁদের বহিষ্কার করা হয়। এর মধ্যে একজন রাঙামাটির নানিয়ারচর সরকারি কলেজ কেন্দ্রে আর দুজন খাগড়াছড়ির দীঘিনালা কলেজ কেন্দ্রে।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক পারভেজ সাজ্জাদ চৌধুরী প্রথম আলোকে বলেন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির লিখিত পরীক্ষায় চট্টগ্রাম শিক্ষা বোর্ডে তিন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। তাঁরা পরীক্ষাকেন্দ্রে নকল

করছিলেন। দীঘিনালা কলেজ কেন্দ্রে ইংরেজি দ্বিতীয় পত্রের পরীক্ষায়ও পাঁচজন বহিষ্কার হয়েছিলেন।

চট্টগ্রাম বোর্ডের তথ্য অনুযায়ী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তির লিখিত পরীক্ষায় মোট পরীক্ষার্থী ৯২ হাজার ৬৬ জন। এর মধ্যে উপস্থিতির সংখ্যা ৯০ হাজার ৫৭০। অনুপস্থিত ছিলেন ১ হাজার ৪৯৬ জন। অনুপস্থিতির হার ১ দশমিক ৬২ শতাংশ। এ বছর চট্টগ্রাম শিক্ষা বোর্ডে মোট ১১৫টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে।

এর আগে গত বৃহস্পতিবার ইংরেজি দ্বিতীয় পত্রের পরীক্ষায় ১০ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। সব মিলিয়ে বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা ২০। চট্টগ্রাম বোর্ডে এ বছর সব মিলিয়ে ১ লাখ ২ হাজার ৯৭৫ পরীক্ষার্থী অংশ নিচ্ছেন। এর মধ্যে চট্টগ্রাম জেলায় মোট পরীক্ষার্থী আছেন ৭১ হাজার ৯৪৭ জন। চট্টগ্রাম নগরে পরীক্ষার্থী ৪৮ হাজার ৪৮০ জন।

